রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, আগস্ট ৪, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ শ্রাবণ, ১৪৩২/২৪ জুলাই, ২০২৫

**নং ৪৫.০০.০০০০.১৮২.০৬.০০২.২১.১৫১**।—ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩ এর ১২ ধারা মোতাবেক নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে 'ঔষধ নিয়ন্ত্রণ কমিটি' পুনর্গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ০১. | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় | সভাপতি |
| ০২. | উপাচার্য, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা | সদস্য |
| ০৩. | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা | সদস্য |
| ০৪. | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা | সদস্য |
| ০৫. | কনসালটেন্ট ফিজিশিয়ান জেনারেল, আর্মড ফোর্সেস মেডিকেল সার্ভিসেস (অথবা উপযুক্ত প্রতিনিধি) | সদস্য |
| ০৬. | যুগ্মসচিব, ঔষধ প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ০৭. | পরিচালক, আইইডিসিআর (অথবা উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ০৮. | নির্বাহী পরিচালক, আইসিডিডিআর, বি (অথবা উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ০৯. | ডীন, মেডিসিন অনুষদ, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় (অথবা উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ১০. | ডীন, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় (অথবা উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ১১. | বিভাগীয় প্রধান, মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা | সদস্য |
| ১২. | বিভাগীয় প্রধান, শিশু বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, মিটফোর্ড, ঢাকা | সদস্য |
| ১৩. | চেয়ারপারসন, ফার্মাকোলজী বিভাগ, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় | সদস্য |


**মূল্য ঃ** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১৪. | সভাপতি, বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশন (অথবা উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ১৫. | সভাপতি, বাংলাদেশ ফার্মাকোলজিক্যাল সোসাইটি (অথবা উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ১৬. | সভাপতি, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি (অথবা উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ১৭. | সভাপতি, বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল (অথবা উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ১৮. | সভাপতি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল (অথবা উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ১৯. | বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, (একজন ইউনানী বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ২০. | বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, (একজন আয়ুর্বেদিক বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ২১. | সভাপতি, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড (অথবা উপযুক্ত বিশেষজ্ঞ প্রতিনিধি) | সদস্য |
| ২২. | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য সচিব |

**স্বার্থের সংঘাত সম্পর্কিত ঘোষণা :**

ঔষধ নিয়ন্ত্রণ কমিটির সকল সদস্যকে দায়িত্ব গ্রহণের সম্মতি প্রদানের সময়েই সভাপতি বরাবর নির্ধারিত ফরমে এই কমিটির কার্যপরিধির সাথে সংশ্লিষ্ট কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির সাথে তার কোনো ধরনের স্বার্থ জড়িত নেই মর্মে একটি ঘোষণাপত্রে স্বাক্ষর করতে হবে। কোনো বিকল্প সদস্যের সভায় অংশগ্রহণের ক্ষেত্রেও একই শর্ত প্রযোজ্য হবে;

**কার্যপরিধি :**

(ক) ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩ এর ২৮(১) ধারা মোতাবেক ঔষধ নিয়ন্ত্রণ কমিটির দায়িত্ব ও কার্যাবলি হবে নিম্নরূপ, যথাঃ—

- নতুন ঔষধের নিবন্ধনের সুপারিশের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঔষধের নিরাপত্তা, কার্যকারিতা ও ব্যবহার উপযোগিতা নিরূপণের নিমিত্ত মূল্যায়ন করা; এবং
- ঔষধের নিবন্ধন বাতিল বা সাময়িকভাবে স্থগিতকরণের জন্য সুপারিশ প্রদানের ক্ষেত্রে, নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ঔষধ মূল্যায়ন এবং যে সকল ঔষধ উৎপাদন বা আমদানি করা যেতে পারে, সে সকল ঔষধের নিরাপত্তা, কার্যকারিতা ও ব্যবহার উপযোগিতা নিরূপণের নিমিত্ত মূল্যায়ন। ২৮(২) উপধারা (১) এর অধীন মূল্যায়নের পর ঔষধ নিয়ন্ত্রণ কমিটির নিকট সংশ্লিষ্ট ঔষধ ব্যবহারের জন্য নিরাপদ, ব্যবহার উপযোগী বা কার্যকর মর্মে প্রতীয়মান হলে, সংশ্লিষ্ট ঔষধ নিবন্ধনের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সুপারিশ প্রদান করবে এবং নিরাপদ, ব্যবহার উপযোগী বা কার্যকর নয় মর্মে প্রতীয়মান হলে, উক্ত ঔষধের নিবন্ধন বাতিল বা সাময়িকভাবে স্থগিত করার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রদান করবে; এবং

(খ) প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ ইউনানী ও আয়ুর্বেদিক বোর্ড, বাংলাদেশ হোমিওপ্যাথিক বোর্ড এর প্রতিনিধিবৃন্দ শুধুমাত্র নিজ বিশেষায়িত ক্ষেত্রে মতামত প্রদান করবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd